# রাজনৈতিক উপদেষ্টা হিসেবে দায়িত্ব নিলেন জহির উদ্দিন স্বপন



রাজনৈতিক উপদেষ্টা হিসেবে দায়িত্ব নিলেন জহির উদ্দিন স্বপন। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানের রাজনৈতিক উপদেষ্টা হিসেবে আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করেছেন জহির উদ্দিন স্বপন। রোববার (২৩ আগস্ট) বিকেলে সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে গিয়ে তিনি প্রধানমন্ত্রীর কাছে যোগদানপত্র জমা দেন।

এর আগে শুক্রবার তথ্য ও সম্প্রচারমন্ত্রীর দায়িত্ব থেকে সরে দাঁড়ান জহির উদ্দিন স্বপন। পরে শনিবার মন্ত্রীর মর্যাদায় তাকে প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা পদে নিয়োগ দেওয়া হয়। এ বিষয়ে ওই দিনই মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়। দায়িত্ব গ্রহণের পর রোববার প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে আনুষ্ঠানিকভাবে নতুন পদে যোগ দেন তিনি।

LENS ASIA